গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাজেট শাখা-৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০১২.২০.০০১.২২.৮৭ তারিখ: ২৩ আষাঢ় ১৪২৯
০৭ জুলাই ২০২২

বিষয়: **২০২২-২৩ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ।**

সূত্র: অর্থ বিভাগের ০৩-০৭-২০২২ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-০১ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রক্তো স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো হয়েছে যে, বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয় কৃচ্ছ্র সাধনের লক্ষ্যে ২০২২-২২ অর্থবছরে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, রাস্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটে কতিপয় খাতে বরাদ্দতকৃত অর্থ ব্যয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

(ক) নতুন/প্রতিস্থাপন হিসেবে সকল প্রকার যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান','৪১১২১০২-জলযান', ৪১১২১০৩-আকাশযান') বন্ধ থাকবে;

(খ) শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্রে বিবেচনায়'৩২১১১০৬-আপ্যায়ন ব্যয়', ৩২৪৪১০১-ভ্রমন ব্যয়', '৩২৫৫১০৫-অন্যান্য মনিহারি','৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক', ৪১১২৩০৩-বৈদ্যুতিক সরঞ্জামাদি' ও'৪১১২৩১৪-আসবাবপত্র',খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;

(গ) দেশের অভ্যন্তরে প্রশিক্ষণের ক্ষেত্রে ৩২৩২৩০১-প্রশিক্ষণ'খাত (প্রশিক্ষণ প্রতিষ্ঠান ব্যতীত) বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;এবং

(ঘ) উপরের (ক), (খ) ও (গ)-এ বরাদ্দকৃত অর্থ অন্য কোন খাতে পুন:উপযোজন করা যাবে না মর্মে জানানো হয়েছে।

এমতাবস্থায়, অর্থ বিভাগ হতে সূত্রোক্ত পত্রের মর্মানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭-৭-২০২২
মোঃ মাহবুবুর রহমান
উপসচিব
ফোন: ২২২৩৩৮৭৪৬০
ফ্যাক্স: ০২-৫৫১০০৪৬৫

বিতরণ :
১) দপ্তর সংস্থা প্রধান (সকল)
২) উপ-প্রধান (উপ-সচিব), পরিকল্পনা সেল, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৩) উপসচিব, প্রশাসন অধিশাখা-৩, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৪) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

সচিব

| |
|---|
| গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| অতি: সচিব প্র:-১/২/উ:-১/মনি:/অডিট |
| যুগ্মসচিব প্রশা:/উন্ন:-২/বাজেট |
| আইন উপদেষ্টা/আইন কর্মকর্তা-১/২ |
| প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর |
| প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর |
| চেয়ারম্যান, রাজউক/এনএইচএ/সিডিএ/খুউক/রাউক/কউক |
| মহাপরি:/পরি:-এইচবিআরআই/আরবান/ইউডিডি/ফ্ল্যাট: নির্মাণ |
| সচিবের একান্ত সচিব |
| নং তাং ০৪/০৭/২২ |

অতিরিক্ত সচিব (প্রশাসন)

| |
|---|
| গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| যুগ্মসচিব প্রশাসন |
| পরিচালক (আবাসন) |
| উপসচিব প্রশাসন-৩ |
| উপসচিব প্রশাসন-৫ |
| ডাইরী নং- |
| তারিখ: |

**অতি জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

নং-০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-০১

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৯ / ০৩ জুলাই ২০২২

## পরিপত্র

বিষয়ঃ **২০২২-২৩ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ।**

বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ্র সাধনের লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

(ক) নতুন/প্রতিস্থাপক হিসেবে সকল প্রকার যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') বন্ধ থাকবে;

(খ) শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় '৩২১১১০৬-আপ্যায়ন ব্যয়', '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়', '৩২৫৫১০৫-অন্যান্য মনিহারি', '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক', '৪১১২৩০৩-বৈদ্যুতিক সরঞ্জামাদি' ও '৪১১২৩১৪-আসবাবপত্র' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;

(গ) দেশের অভ্যন্তরে প্রশিক্ষণের ক্ষেত্রে '৩২৩২৩০১-প্রশিক্ষণ' খাতে (প্রশিক্ষণ প্রতিষ্ঠান ব্যতীত) বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে; এবং

(ঘ) উপরের (ক), (খ) ও (গ)-এ বরাদ্দকৃত অর্থ অন্য কোন খাতে পুনঃউপযোজন করা যাবে না।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

৩.৭.২০২২

| |
|---|
| যুগ্মসচিব (প্রশাসন) এর দপ্তর |
| প্রশাসন শাখা-১/৪ |
| বাজেট শাখা-৪/১৬ |
| ডাইরী নং |
| তারিখ |

(মোহাম্মদ আনিসুজ্জামান)
উপসচিব
☎ ৯৫১৪১৪৬
ই-মেইলঃ anism321@finance.gov.bd

**বিতরণ:**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব, ........................................., মন্ত্রণালয়/বিভাগ
৫. জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ
৬. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৭. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৮. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
৯. মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা